



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ।

পরিবেশ বান্ধব ব্যাংকিং করণ
ফোন :- ০২-৯৫৬৩১৬৫

Website: www.krishibank.org.bd, Email: dgmrecovery@krishibank.org.bd

প্রকা/আদায়-২(১)/সুদ মওকুফ/২০১৬-২০১৭/ ৮৪৩ (১২০০)

তারিখঃ ২৩-০৪-২০১৭ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ঋণের সুদ মওকুফ প্রস্তাব যথাসময়ে উপস্থাপন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিগত ২৭-০৩-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৬৮২তম সভায় বিএল হিসেবে শ্রেণীকৃত ঋণ আদায় এবং উক্তরূপ ঋণের সুদ মওকুফ প্রস্তাব প্রেরণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


আলোচনাঃ

কোন ঋণ হিসাব বিএল হিসেবে শ্রেণীকৃত হওয়ার ০৮-১০ বছর পর সুদ মওকুফের প্রস্তাব উত্থাপন করা হয়, যা যথাসময়ে উপস্থাপন করা হলে সুদ মওকুফ কার্যকর করার কারণে ব্যাংকের শ্রেণীকৃত ঋণ এবং প্রভিশন ঘাটতি হ্রাস পেত। এ অবস্থা হতে উত্তরণের জন্য প্রয়োজ্য ক্ষেত্রে ঋণের সুদ মওকুফের প্রস্তাব যথাসময়ে উপস্থাপন করা জরুরী। বিষয়টি সভায় আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

কোন ঋণ হিসাব বিএল হওয়ার সাথে সাথে ঋণটি আদায়ের লক্ষ্যে আইনানুগ সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঋণ বিএল হওয়ার কোন যৌক্তিক কারণ থাকলে বিএল হওয়ার ৫ (পাঁচ) বছরের মধ্যে দ্বি-পাক্ষিক আলোচনার মাধ্যমে প্রয়োজনে সুদ মওকুফের প্রস্তাব প্রেরণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে সুদ মওকুফের প্রস্তাব প্রেরণে ব্যর্থ হলে দায়ি কর্মকর্তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০২। উপর্যুক্ত অবস্থায়, বিএল (BL) হিসেবে শ্রেণীকৃত ঋণ হিসাব নিষ্পত্তির লক্ষ্যে পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


আপনার বিশ্বস্ত,

(মোঃ হাফিজুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/আদায়-২(১)/সুদ মওকুফ/২০১৬-২০১৭/৮৪৩ (১২০০)

তারিখঃ ২৩-০৪-২০১৭ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সচিব, পর্ষদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, স্টাফ কলেজ, ঢাকা
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি (সিস্টেমস) বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উক্ত নির্দেশনামূলক পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/মহানথি।


(ডাঃ মোঃ নূর সিদ্দিক)
সহকারী মহাব্যবস্থাপক